# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmpid@krishibank.org.bd


<u>ক্রেডিট বিভাগ</u>

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০২১-২০২২/ ৯১৬০(১২৫০) তারিখঃ ৩০.১২.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **ঋণ/বিনিয়োগ বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ এবং প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৯.১২.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৫২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করতঃ বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে বিদ্যমান নীতিমালার আওতায় রক্ষিতব্য জেনারেল প্রভিশনের অতিরিক্ত আরো ২% জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে সূত্রোল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এক্ষণে, ব্যাংকসমূহকে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে অতিরিক্ত প্রভিশন হিসেবে ২% এর পরিবর্তে ১.৫% সংরক্ষণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৫। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৯.১২.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৫২ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, সার্কুলারের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

৩০/১২/২০২১

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি/৩(৪০)/২০২১-২০২২/ ৯১৬০(১২৫০) তারিখঃ ৩০.১২.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

৩০/১২/২০২১

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫২

২৯ ডিসেম্বর ২০২১
তারিখঃ -------------------
১৪ পৌষ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ এবং প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে বিদ্যমান নীতিমালার আওতায় রক্ষিতব্য জেনারেল প্রভিশনের অতিরিক্ত আরো ২% জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে সূত্রোল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, ব্যাংকসমূহকে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে অতিরিক্ত প্রভিশন হিসেবে ২% এর পরিবর্তে ১.৫% সংরক্ষণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে।

৪। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২